রাইসা কুদাশেভা



মোরগ ভাইটি



মোরগ ভাইটি

রাইসা আদামভনা কুদাশেভার (১৮৭৮—১৯৬৪) জন্ম মস্কোয়। বহু বছর ধরে কাজ করেছেন গ্রন্থাগারিকা হিশেবে, কবিতা লিখেছেন শিশুদের জন্য। ১৯০৩ সালে প্রকাশিত হয় তাঁর কবিতা ‘ফার গাছটির জন্ম হল বনে’; সুরকার ল. ক. বেকমান তাতে সুরারোপ করেন। গানটির বয়স এখন ৬০ বছরের বেশি, কিন্তু আজো শিশুরা তা গেয়ে চলেছে প্রতিটি নববর্ষে।

শিশুদের জন্যে আরো অনেক গান, কাহিনী, কবিতা লিখেছেন রাইসা আদামভনা। ছোটোদের হাতে তাঁর একটি কাহিনী তুলে দেয়ও গেল — ‘মোরগ ভাইটি’।

ছবি এঁকেছেন ম. মিতুরিচ






কাঠের কুঠি এক-যে আছে
ছোটো নদীটির বাঁকে,
সেথায় মুরগী দিদির কাছে
মোরগ ভাইটি থাকে।

শীত বিছাল রুপোর চাদর,
বরফ ঢাকা নদী,
ভাবলে মোরগ, জমবে জবর
স্কেটিং করি যদি।

'স্কেটিং করা? ওসব রাখো,'
দিদি করলে মানা,
'তীরে যাওয়াও চলবে নাকো,
ভুলিস না তালকানা।'

রাখলে তাকে চোখে চোখে,
ভয় দেখালে জোর,
'গভীর নদী, খেলার ঝোঁকে
প্রাণটি যাবে তোর।'






জন্মদিনে হবে লোকজন,
আছে নেমন্তন্ন,
নানান রকম রাঁধন বাড়ন
দরকার তার জন্য।

দিদি ভাজছে পিঠে পুলি,
মন রান্নাঘরে,
সেই ফাঁকেতে স্কেটটি তুলি
ভাই পড়ল সরে।

ছুটল স্কেটে সড়াৎ করে,
একটু যেতেই — বাস্!
ভাঙল বরফ হঠাৎ করে...
হায়রে সর্বনাশ!

উপায় তো আর নেইকো কিছুই,
হাবুডুবু জলে।
'দিদিরে দিদি, কোথায় রে তুই?
গেলুম গেলুম,' বলে।






ছুটল দিদি, ছুটল চড়ুই,
হাঁস, হাঁড়িচাঁচা,
নীলচে টুনি, লালচে ভারুই —
বাঁচা, ওরে বাঁচা!



টেনে তুললে সবাই মিলে,
তুলেই তাড়াতাড়ি
গরম লেপে ঢাকা দিলে,
ঠেলে আনল বাড়ি।

দেখতে এলেন হাঁস মহাশয়,
ডাক্তার সে নামী,
দেখে বললেন, ‘এ কিছু নয়
আছি যখন আমি।

দিনে তিনবার অ্যাসপিরিন,
পুরিয়া কয়েক প্রস্থ,
রাস্পবেরি আর চা খেতে দিন,
ওতেই হবে সুস্থ।’












আসুন দাদা, বসুন দাদা,
এবার তবে আহার:
ছাতুর মণ্ড গাদা গাদা,
পুলি পিঠের পাহাড়।

উঠল হঠাৎ ধড়ফড়িয়ে
দিদিমণির ভাইটি:
গেলরে বুঝি সব ফুরিয়ে,
থালায় কিছু নাই কি?



নামতে যাবে খাটটি থেকে,
পড়ল হুড়োমুড়ি,
অতিথরা সব তাই না দেখে
হেসে গড়াগড়ি।

সে যে হাসি, বলব বা কী,
হদ্দ মজা এক —
চিড়িক পিড়িক হাসে পাখি,
হাঁস হাসে প্যাঁক প্যাঁক!





অনুবাদ: ননী ভৌমিক

প্রগতি প্রকাশন
মস্কো

Р. А. Кудашева

ПЕТУШОК

На языке бенгали



К $\frac{70801\text{-}75}{014(01)\text{-}75}$ 716-75

রাইসা কুদাশেভা

মোরগ ভাইটি



অনুবাদ: ননী ভৌমিক

প্রগতি প্রকাশন
মস্কো

Р. А. Кудашева

ПЕТУШОК

На языке бенгали

К $\frac{70801-75}{014(01)-75}$ 716-75